রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ৮, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নৌপরিবহন মন্ত্রণালয়**

**টিএ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/৮ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ২৮০-আইন/২০২৬।**—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে "সারিয়াকান্দি নদী বন্দর, সারিয়াকান্দি" এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা:—

**তফসিল**

সারিয়াকান্দি নদী বন্দর, সারিয়াকান্দি—

| | | |
|---|---|---|
| (ক) উত্তর সীমানা | : | বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার সারিয়াকান্দি সদর ইউনিয়নের কালিতলা ঘাটের উত্তরে হাটশেরপুর ইউনিয়নের খুদ্দ বলাইল মৌজার দিঘাপাড়া ঘাট সংলগ্ন এলাকায় যমুনা নদীকে আড়াআড়িভাবে অতিক্রমকারী অক্ষাংশ $24^\circ 55' 51''$ N-কে বুঝাইবে। ইহা যমুনা নদীর পূর্ব পাড়ে সারিয়াকান্দি উপজেলার কাজলা ইউনিয়নের বেড়া পাঁচবাড়িয়া মৌজার জামথল ঘাট পর্যন্ত বিস্তৃত। |



**মূল্য :** টাকা ৪.০০

(খ) দক্ষিণ সীমানা : বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার কর্ণিবাড়ি ইউনিয়নের চরকুমারপাড়া মৌজায় মথুরাপাড়া ঘাটের (দেবডাঙ্গা) দক্ষিণে যমুনা নদীকে আড়াআড়িভাবে অতিক্রমকারী অক্ষাংশ $24^{\circ}49'17''$ N-কে বুঝাইবে। ইহা যমুনা নদীর পূর্ব পাড়ে সারিয়াকান্দি উপজেলার কর্ণিবাড়ি ইউনিয়নের নারাপালা মৌজার মূলবাড়ি পর্যন্ত বিস্তৃত।

(গ) ভূ-ভাগের সীমানা : উপরিউক্ত বন্দর সীমানার আওতায় নদীর পূর্ব ও পশ্চিম তীরে সাধারণ ভরাকটাল (Odinary Spring Tide) – এর সময় বন্দর এলাকায় সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ (Yard) পর্যন্ত বিস্তৃত।

(ঘ) উপরিউক্ত দফা (ক) ও (খ) এ উল্লিখিত ভৌগলিক স্থানাঙ্কসমূহ দ্বারা গঠিত বলয় প্রকৃত বন্দর সীমানা হিসাবে বিবেচিত হইবে।

২। সারিয়াকান্দি নদী বন্দর এলাকায় গেজেটভুক্ত সীমানার মধ্যে বিদ্যমান খাল এবং ঘাটসমূহ যেমন—দিঘাপাড়া ঘাট, কালিতলা ঘাট, মথুরাপাড়া ঘাট (দেবডাঙ্গা) ঘাট, জামথল ঘাট, শোনপচা ঘাট ইত্যাদি আওতাভুক্ত থাকিবে এবং নৌপথের উন্নয়ন, জেটি/অবকাঠামো নির্মাণ ইত্যাদি যাত্রী সুবিধাদি প্রদানের সুবিধার্থে বন্দর সীমানার মধ্যে অন্য কোনো প্রতিষ্ঠান থাকিলে উহার কর্তৃত্ব বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ছন্দা পাল**

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd